

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 09-10-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) আজ থেকে শুরু শারদোৎসব । উৎসব মুখর সাড়া রাজ্য ।
- (২) শারদোৎসব উপলক্ষ্যে রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী রাজ্যবাসীকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহারাষ্ট্রে ৭৬০০কোটি টাকার বিভিন্ন প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।
- (৪) রাজ্য সরকার এডিসি এলাকায় ছয়টি উন্নয়নমূলক প্রকল্পের জন্য ৩০কোটি টাকার মঞ্জুর করেছে ।

Durga Puja:

আজ মহাষষ্ঠী ও বোধনের মধ্যে দিয়ে শুরু হয়েছে পাঁচ দিনব্যাপী শারদীয়া দুর্গোৎসব। আজ সন্ধ্যায় হয়েছে দেবী দুর্গার অধিবাস ও আমন্ত্রণ নবপত্রিকা স্থাপন। ভগবান শ্রী রামচন্দ্র রাবন বধের উদ্দেশ্যে শরৎ কালে এই দুর্গাপূজার আয়োজন করায় একে অকাল বোধন বলা হয়। দীর্ঘ প্রতিষ্কার পর ধনী দরিদ্র সকলেই যার যার সাধ্য অনুযায়ী মেতে ওঠেছেন আনন্দময় এই উৎসবে।

গতকাল পঞ্চমী তিথিতেই রাজধানী আগরতলা উৎসবের আনন্দে মেতে উঠে । আজও সন্ধ্যা থেকেই আগরতলার পুজো

মন্ডপগুলোতে ছিল উপচে পড়া ভিড় পরিলক্ষিত হয়েছে। আগরতলা শহরের বিভিন্ন রাজপথ লোকারণ্য হয়ে উঠেছে। বড় বাজেটের পূজা মন্ডপগুলোর সামনে এই মুহূর্তে দীর্ঘ লাইন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজও আগরতলা শহর ও শহরতলীর বহু সার্বজনীন পূজা মন্ডপের উদ্বোধন করছেন। গোটা শহর এখন উৎসবমুখর হয়ে উঠছে। রাজ্য পুলিশের পক্ষ থেকে রাজধানী আগরতলা শহর সহ রাজ্যের সর্বত্র ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অন্যান্য বছরের মতো এবছরও আগরতলার দুর্গাবাড়িতে রাজ্য সরকারের উদ্যোগে ঐতিহ্য মন্ডিত শারদীয়া দুর্গাপূজার আয়োজন করা হয়েছে। আগরতলার ধলেশ্বরের রামকৃষ্ণ মিশনেও বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা মতে শারদীয়া দুর্গাপূজার আয়োজন করা হয়েছে।

Greetings Governor, CM:

দুর্গাপূজা উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু ও মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, 'দুর্গাপূজা হচ্ছে সারা ভারতের বড় উৎসবগুলির মধ্যে একটি। এই পূজা দেবী দুর্গার মহিষাসুর বধ ও অশুভ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির বিজয় হিসেবে চিহ্নিত করা হয়। ব্রহ্মাণ্ডে শক্তিরূপিনী দেবীর ক্ষমতা প্রদর্শনের প্রতীক হচ্ছে এই উৎসব। শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল এই শারদোৎসবে রাজ্যবাসীর জীবনে আনন্দ, শান্তি, সুখ-সমৃদ্ধি ও সৌভ্রাতৃত্ববোধ কামনা করেন।

মুখ্যমন্ত্রী এক শুভেচ্ছা বার্তায় বলেন, 'শারদোৎসব আমাদের অন্যতম প্রধান উৎসব। সমাজ জীবনের ধারায় উৎসবের আবাহন চিরকালের। কিন্তু এবারের উৎসব এসেছে এক ভিন্নতর পরিবেশে। বিধ্বংসী বন্যায় রাজ্যের বহু মানুষ বিপন্ন। দুর্গত নাগরিকদের

পাশে দাঁড়িয়ে উৎসবের আনন্দকে সকলে মিলে ভাগ করে নেওয়াই হোক এবারের শারদোৎসবের মূল আহ্বান।

সর্বত্র শান্তিপূর্ণ পরিবেশ বজায় রেখে ও স্বরবর্ধক যন্ত্রের নিয়ন্ত্রিত ব্যবহারের মাধ্যমে উৎসবের আনন্দ উপভোগ করার জন্য মুখ্যমন্ত্রী আবেদন জানান। সবার সম্মিলিত প্রয়াসে শারদোৎসব আনন্দমুখর হোক এবং দেবী দশভূজা সকলের জন্য সুখ, শান্তি, সমৃদ্ধি ও আনন্দের বার্তা বয়ে নিয়ে আসুক।' শুভেচ্ছা বার্তায় এই কামনা করেছেন মুখ্যমন্ত্রী।

Mayor-Puja Inauguration:

পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার আজ আগরতলার আখাউরা রোডস্থিত প্যায়ারী বাবুর বাগান পুজো কমিটির পূজো মন্ডপের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন কর্পোরেটর তুষার কান্তি ভট্টাচার্য। পুজো উপলক্ষ্যে পূজা কমিটির উদ্যোগে ছোটদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়।

Traffic Arrangement:

দুর্গাপুজো উপলক্ষ্যে আগামীকাল থেকে ১৩ অক্টোবর পর্যন্ত আগরতলা শহরের বিভিন্ন স্থানে নো-এন্ট্রি বসানো হবে। সন্ধ্যা ৫টা থেকে রাত ১টা পর্যন্ত বিভিন্ন স্থানে শহরের নো-এন্ট্রি থাকবে। পশ্চিম জেলা শাসক ডাঃ বিশাল কুমার এক বিজ্ঞপ্তিতে একথা জানিয়েছেন। তিনি জানান, নো-এন্ট্রি চলা কালে বাস এবং যাত্রীবাহী গাড়িগুলি পন্ডিত নেহেরু অফিস কমপ্লেক্স (গোখাবস্তি), দুর্গাচৌমুহনী ব্রিজের উত্তরাংশ (রামনগর টিওপি'র কাছে), আখাউড়া রোড ত্রিনয়নী ক্লাব সংলগ্ন ক্রসিং, নাগেরজলা

বাস টার্মিনাল, এডিনগর ড্রপগেইট, প্রতাপগড় বেইলী ব্রিজ, চন্দ্রমোহন সেতুর দক্ষিণাংশ অর্থাৎ পুরনো ঝুলন্ত সেতু, রামঠাকুর বয়েজ স্কুল ব্রিজ, গান্ধীস্কুল/এমবিবি কলেজ এলাকা, চন্দ্রপুর মসজিদের কাছে, জিবি ক্যান্সার হাসপাতালের কাছে পার্ক করতে পারবে।

N. F. Railway:

শারদোৎসবের মরসুমে যাত্রী ভিড়ের প্রতি লক্ষ রেখে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে ১৩ জোড়া অর্থাৎ ২৬টি স্পেশাল ট্রেন পরিচালনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দুর্গাপূজা, দীপাবলি এবং ছট পূজা উপলক্ষে যাত্রীদের অতিরিক্ত ভিড়ের পরিপ্রেক্ষিতে এই স্পেশাল ট্রেনগুলি চলাচল করবে আগামী ৩০শে নভেম্বর পর্যন্ত। এই স্পেশাল ট্রেনগুলির যাত্রা পথে অমৃতসর, বাঙ্গালুরু, গোরখপুর, প্রয়াগরাজ, কলকাতা, আনন্দ বিহার, শ্রী গঙ্গানগর ইত্যাদির পাশাপাশি অন্যান্য গুরুত্বপূর্ণ গন্তব্যস্থলগুলি অন্তর্ভুক্ত থাকবে। এই উৎসব স্পেশাল ট্রেনগুলি জোনের মধ্যে আগরতলা, নাহরলগুন, শিলচর, নিউ তিনসুকিয়া, ডিব্রুগড়, কাটিহার ইত্যাদি সহ অন্যান্য সংলগ্ন অঞ্চলগুলির মধ্যে আন্তঃসংযোগ বৃদ্ধি করবে।

Adhar service in puja Holiday's at Santirbazar:

পূজোর ছুটির দিনগুলিতেও শান্তিরবাজারে মিলবে আধার পরিষেবা। শান্তিরবাজার মহকুমা শাসক অফিসের আধার সেবা কেন্দ্রের উদ্যোগে আজ থেকে শান্তিরবাজার ব্যবসায়ী সমিতির পূজা মন্ডপে খোলা হয়েছে আধার সেবা কেন্দ্র। শান্তিরবাজার মহকুমা শাসক অফিসের আধার সেবা কেন্দ্রের পরিদর্শক অনুপ সরকার জানান,

আজ প্রথম দিনে ৫ জন আধার পরিষেবার সুযোগ নিয়েছেন। আগামী ১২ অক্টোবর মহা নবমীর দিন পর্যন্ত খোলা থাকবে এই পরিষেবা কেন্দ্র।

Cloth Distribution:

শারদ উৎসব উপলক্ষে আজ আগরতলার জগহরিমুড়ায় সরোজ সংঘের উদ্যোগে দুস্থ মহিলাদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহারাষ্ট্রে ৭৬০০কোটি টাকার বিভিন্ন প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। এর মধ্যে রয়েছে বাবাসাহেব আম্বেদকর আন্তর্জাতিক বিমান বন্দরের উন্নয়নের কাজ, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব স্কিল এর উদ্বোধন, বিদ্যা সমীক্ষা কেন্দ্রের উদ্বোধন প্রকল্প। ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে প্রকল্পগুলির উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, গত কয়েক বছরে মহারাষ্ট্রে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ সম্পন্ন করা হয়েছে। এর আগে মহারাষ্ট্রে এত দ্রুত উন্নয়ন হয়নি।

ADC:

রাজ্য মন্ত্রিসভা এডিসি এলাকায় ছয়টি উন্নয়নমূলক প্রকল্পের জন্য ৩০কোটি টাকার মঞ্জুর করেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা আজ একথা জানান। মুখ্যমন্ত্রী জানান, এডিসি এলাকার জনজাতিদের সামগ্রিক জীবনযাত্রার সামগ্রিক মান

উন্নয়নে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। এডিসি এলাকার উন্নয়নে অর্থ মঞ্জুরির জন্য তিপুরা মথা দলের প্রধান ও এম ডি সি প্রদ্যুত কিশোর দেববর্মা মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন।

Cabinet decision:

কেন্দ্রীয় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী গরিব কল্যাণ যোজনা এবং অন্যান্য কল্যাণমূলক প্রকল্পের অধীনে ২০২৪ সালের জুলাই থেকে ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত বিনামূল্যে ফোটিফাইড চালের সরবরাহ অব্যাহত রাখার অনুমোদন দিয়েছে। কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এ খবর জানিয়েছেন।

Repo rate again unchanged:

রিজার্ভ ব্যাংকের মুদ্রানীতি কমিটি রেপো রেট ৬.৫ শতাংশে অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। এই সিদ্ধান্তের ফলে গৃহঋণ, গাড়ির ঋণ এবং অন্যান্য ঋণে অতিরিক্ত সুদ গুনতে হবে না গ্রাহকদের। রিজার্ভ ব্যাংকের গভর্নর শক্তিকান্ত দাস আজ এ খবর জানিয়েছেন।

SFI :

SFI সদর বিভাগীয় কমিটির উদ্যোগে আজ আগরতলার মেলারমাঠে ছাত্র যুব ভবনে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, সিপিএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী। তারা

শারদোৎসবের সময়ে রক্তদান শিবিরের আয়োজন করায়
উদ্যোক্তাদের ভূয়সী প্রশংসা করেন।

Sepahijala district police preparations for puja:

শারদ উৎসব নির্বিঘ্নে সম্পন্ন করার লক্ষ্যে সিপাহীজলা জেলা
পুলিশের পক্ষ থেকে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
পুজোর দিনগুলিতে আইন-শৃঙ্খলা রক্ষায় গোটা জেলায় ১০০০-
এরও বেশি পুলিশ ও টি.এস.আর জওয়ান মোতায়েন করা হবে।
জেলার সর্বত্র পুলিশের টহলদারি থাকবে। জেলার অতিরিক্ত পুলিশ
সুপার রাজীব সূত্রধর আজ এক সাক্ষাৎকারে আকাশবাণীর
সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে একথা জানিয়েছেন
। তিনি জানান, গোটা জেলায় পুজোর সংখ্যা ৩৫৩ টি।
উৎসবের রাতগুলিতে যানবাহন নিয়ন্ত্রণে বিশালগড় শহরে নো-
এন্ট্রি থাকবে। এক্ষেত্রে উদয়পুর, সোনামুড়া, বিলোনিয়া সহ
রাজ্যের দক্ষিণাংশ থেকে রাজধানী আগরতলায় যাওয়া-আসার
যানবাহনগুলিকে বিশালগড় বাইপাস সড়ক ব্যবহার করতে হবে।
লোক সমাগমের উপর ভিত্তি করে প্রয়োজন নিরিখে নো-এন্ট্রির
সংখ্যা আরো বাড়ানো হতে পারে। জেলার অন্তর্গত মোট ৩২টি
স্থানে থাকবে সি.সি ক্যামেরার নজরদারি। ১২টি ওয়াচ টাওয়ার
ও ৪৫টি পুলিশ সহায়তা কেন্দ্র থাকবে।

Durga Puja / Kailashahar:

দুর্গোৎসব ঘিরে ঊনকোটি জেলার সর্বত্রই উৎসবমুখর পরিবেশ।
সেজে উঠছে পূজা মন্ডপগুলি। সর্বত্রই দৃষ্টিনন্দন পরিবেশ। গোটা
ঊনকোটি জেলাতে এবছর ১৮৮টি সার্বজনীন পূজা হচ্ছে।

এরমধ্যে গ্রামীণ এলাকায় ১৩৬টি ও শহর এলাকায় ৫২টি পূজা হচ্ছে। ত্রিশটি স্থানে ড্রপ গেইট এবং কুড়িটি স্থানে পুলিশ সহায়তা কেন্দ্র থাকছে।

উনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা আকাশবাণীর জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে এক সাক্ষাৎকারে জানান, আনন্দঘন পরিবেশে ও শান্তিপূর্ণভাবে পূজার দিনগুলো অতিবাহিত করার লক্ষ্যে প্রশাসনিকভাবে সবধরনের উদ্যোগ নেওয়া হয়েছে।

Puja preparation under Santirbazar:

দক্ষিণ জেলার শান্তিরবাজার মহকুমায় পূজোর সংখ্যা ৬৬টি। মহকুমা পুলিশ আধিকারিক সৌগত চাকমা জানান, পূজার দিনগুলোতে আইন শৃংখলা শান্তিপূর্ণ রাখতে যাবতীয় ব্যবস্থা নিয়েছে পুলিশ প্রশাসন। বড় বড় পূজো মন্ডপ ও বাজার এলাকায় লাগানো হয়েছে সি সি ক্যামেরা। মহকুমার বিভিন্ন জায়গায় বসানো হয়েছে পুলিশ পিকেট। চলবে টহলদারীর ব্যবস্থাও।

Weather:

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন চব্বিশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

* * * * *